



স্মারক নম্বর: ০৫.১২.২৯১০.০০১.০০:০১৫.২২- ৮২৪

তারিখ: ১১ ডিসেম্বর ২০২২


নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অধীন ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নধীন ভাঙ্গা উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নবর্ণিত পদে নিয়োগের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে অস্থায়ী ভিত্তিতে বাংলাদেশের প্রকৃত নাগরিকের নিকট হতে স্বহস্তে লিখিত দরখাস্ত আগামী ১৮/১২/২০২২ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার ভাঙ্গা, ফরিদপুর বরাবর সরাসরি/ডাকযোগে আহ্বান করা যাচ্ছে।

ক্রমঃ	পদবী	পদসংখ্যা	মাসিক সম্মানী (সর্বসাকুল্যে)	যোগ্যতা
১	পেশ ইমাম	০১ জন	১৫,০০০/- টাকা	(ক) ২য় শ্রেণীর কামিল ডিগ্রী/দাওরারে হাদিস পাশ। কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতি ও মুহাদ্দিস হিসেবে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্ত। হাফেজ-ই-কোরআন অগ্রাধিকার পাবে। (গ) আরবিতে কথা ও আরবিতে উপস্থিত খুব পাঠ ও ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অভিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
২	মুয়াজ্জিন	০১ জন	১০,০০০/- টাকা	(ক) ২য় শ্রেণীর আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। সর্বশ্রেষ্ঠ ক্ষেত্রে/মুয়াজ্জিন হিসেবে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্ত। হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্তদের অগ্রাধিকার দেওয়া হবে।
৩	খাদিম	০২ জন	৭,৫০০/- টাকা	(ক) ২য় শ্রেণীর আলিম অথবা কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। (খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে। (গ) সর্বশ্রেষ্ঠ ক্ষেত্রে/খাদিম হিসেবে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলী:

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- আবেদন পত্রে প্রার্থীকে (ক) নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) স্থায়ী ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) ১৮/১২/২০২২ তারিখে বয়স (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগত যোগ্যতা এবং (ঞ) অভিজ্ঞতা সংক্রান্ত সনদসহ উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র, ভাঙ্গা, ফরিদপুর বরাবর আবেদন করতে হবে।
- দরখাস্তের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদী সংযুক্ত করতে হবে। (ক) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র (খ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি। (গ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদের মূল কপি (ঘ) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি। (ঙ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।
- আবেদন পত্রের সঙ্গে ১ নং পদের জন্য ৩০০/- (তিনশত) টাকা, ২ নং পদের জন্য দুইশত টাকা এবং ৩নং পদের জন্য ১০০ (একশত) টাকার অফেরতযোগ্য পে অর্ডার/ব্যাংক ড্রাফট, উপজেলা নির্বাহী অফিসার, ভাঙ্গা, ফরিদপুর এর অনুকূলে সংযুক্ত করতে হবে।
- প্রার্থীকে অবশ্যই আগামী ১৮/১২/২০২২ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র ভাঙ্গা, ফরিদপুর বরাবর ডাকযোগে অথবা সরাসরি আবেদন করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না।
- প্রার্থীকে আগামী ২১/১২/২০২২ তারিখ দুধবার লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য সকাল ৯:০০ ঘটিকার মধ্যে সকল কাগজপত্রের মূলকপিসহ উপজেলা নির্বাহী অফিসার ভাঙ্গা, ফরিদপুর এর কার্যালয়ে উপস্থিত হতে হবে।
- কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না, করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকারের টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কোনো তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে ভবিষ্যতে তার নিয়োগ আদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- নিয়োগের জন্য সুপারিশ প্রাপ্তদের রাষ্ট্রবিরাধী কোন কার্যকলাপে জড়িত ছিলেন না এবং বর্তমানে জড়িত নাই তা উপযুক্ত এজেন্সী কর্তৃক যাচাই পূর্বক নিয়োগ প্রদান করা হবে।
- নিয়োগের জন্য সুপারিশ প্রাপ্তদের উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বা তার প্রতিনিধি কর্তৃক মেডিকেল বোর্ডের নিকট হতে স্বাস্থ্য পরীক্ষাপূর্বক তার কর্তব্য পালনে বিঘ্ন সৃষ্টি করতে পারে এমন কোন ড্রুটি নেই-এই মর্মে স্বাস্থ্যগত যোগ্যতার সনদপত্র দাখিল করতে হবে।
- কর্তৃপক্ষ নিয়োগকৃত জনবলের জন্য কোন আবাসনের ব্যবস্থা করতে বাধ্য নয়।
- নিয়োগকৃত জনবল জেলা ও উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা ২০২১ বা সর্বশেষ পরিপত্রে উল্লেখিত দায়িত্ব ও কর্তব্য পালন করবেন।
- নিয়োগে সরকারের প্রচলিত বিধি বিধান প্রযোজ্য হবে।
- কোন কারণ ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- বিস্তারিত জানার জন্য bhanga.faridpur.gov.bd ওয়েব সাইট ভিজিট করুন।


(আজিম উদ্দিন)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র, পরিচালনা কমিটি
ইসলামিক ফাউন্ডেশন, ভাঙ্গা, ফরিদপুর।
যোগাযোগ ০১৭০১৬৭০০৩০ (অফিস)।